



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ১৫-০৪-২০২৩

## রাজধানীর নিউ সুপার মার্কেটের অগ্নি নিয়ন্ত্রণে বাংলাদেশ সেনাবাহিনী

ঢাকা ১৫ এপ্রিল ২০২৩: রাজধানীর নিউ সুপার মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনায় ফায়ার সার্ভিসকে সহায়তার অংশ হিসেবে সেনাবাহিনী প্রধান এর নির্দেশে অগ্নিকাণ্ড নিয়ন্ত্রণ কাজে আজ শনিবার (১৫ এপ্রিল ২০২৩) বাংলাদেশ সেনাবাহিনীর ফায়ার ড্রু মোতায়েন হয়। এছাড়াও অগ্নিকাণ্ড এলাকার ট্রাফিক নিয়ন্ত্রণে বাংলাদেশ সেনাবাহিনীর মিলিটারি পুলিশের (এমপি) সদস্যদের মোতায়েন করা হয়। মানবিক সহায়তার অংশ হিসেবে বৈরী পরিস্থিতিতে বাংলাদেশ সেনাবাহিনী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে ওয়াটার বাউজার এর মাধ্যমে পানি ও অন্যান্য অগ্নি নির্বাপনের সরঞ্জামাদিসহ সহায়তা প্রদান করে।

এছাড়া যেকোন প্রকার অপ্রত্যাশিত ঘটনা এড়ানোর জন্য পর্যাপ্ত সংখ্যক সেনাসদস্য মোতায়েন করা হয়। উল্লেখ্য গুলশান, বঙ্গবাজার ও নবাবপুরের আশুর্ন নিয়ন্ত্রণেও ফায়ার সার্ভিসের সঙ্গে বাংলাদেশ সেনাবাহিনী সম্মিলিতভাবে কাজ করেছে।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮